UK Health Security Agency

NHS

# টিবি, বিসিজি টিকা এবং আপনার শিশু



immunisation

the safest way to protect your child

**এই লিফলেটটিকে বিসিজি (BCG) ব্যাসিলাস ক্যালমেট-গুএরিন (Bacillus Calmette-Guérin) টিকার বিষয়ে তৈরি করা হয়েছে যা আপনার শিশুকে যক্ষ্মারোগ (টিবি-TB) থেকে সুরক্ষিত রাখার জন্য দেওয়া হয়।**

## বিসিজি (BCG) টিকা কী?

বিসিজি টিকায় ব্যাকটেরিয়ার (জীবাণু) এমন একটি দুর্বল রূপ রয়েছে যার কারণে টিবি রোগ দেখা দেয়। যেহেতু এই ব্যাকটেরিয়াকে দুর্বল করে দেওয়া হয়েছে সেহেতু এটি টিবি হওয়ার কারণ হয় না, তবে এটি আপনার শিশুকে টিবি রোগের বিরুদ্ধে প্রতিরক্ষা (প্রতিরোধ ক্ষমতা) গড়ে তুলতে সহায়তা করে যদি ভবিষ্যতে কোনও দিন সে এই রোগের সংস্পর্শে আসে।

বিসিজি টিকা শিশুদের এবং ছোট ছেলে মেয়েদেরকে টিবির মারাত্মক ধরণ থেকে যেমন মেনিনজাইটিস (মস্তিষ্কের লাইনিংয়ের ফুলে যাওয়া) সুরক্ষিত রাখার জন্য বিশেষভাবে কার্যকর।

## টিবি (TB) কী?

টিবি একটি ব্যাকটেরিয়াজনিত সংক্রমণ, এটি সাধারণত ফুসফুসকে আক্রান্ত করে থাকে তবে এটি শরীরের যেকোনো অঙ্গকেও আক্রান্ত করতে পারে। টিবি জীবাণু দ্বারা সংক্রামিত হওয়ার মানে এই নয় যে সেটা টিবি রোগে পরিণত হবে। টিবি রোগের বিকাশ শরীরের মধ্যে খুবই ধীরে ধীরে হয়, এবং উপসর্গগুলো দেখা দিতে বেশ কয়েক মাস সময় লেগে যেতে পারে।

টিবি সংক্রমণে আক্রান্ত বেশিরভাগ লোকজনদের কখনই টিবি রোগ হবে না। এই লোকদের মধ্যে, চিরজীবন টিবি ব্যাকটেরিয়া নিষ্ক্রিয় অবস্থায় থাকে। অন্যান্য লোকজনদের মধ্যে (উদাহরণস্বরূপ, যাদের দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা রয়েছে), এই ব্যাকটেরিয়াটি সক্রিয় হয়ে উঠতে পারে এবং টিবি রোগের কারণ হতে পারে। এই দেশের অধিকাংশ মানুষ চিকিৎসার পর সম্পূর্ণ সুস্থ হয়ে ওঠেন, কিন্তু এতে কয়েক মাস সময় লেগে যায়।

## টিবি-এর উপসর্গগুলো কী কী?

টিবি শরীরের যে কোনও অংশকে আক্রান্ত করতে পারে। উপসর্গ ভিন্ন ভিন্ন হবে এবং একটি শিশুর রোগের লক্ষণগুলো একজন প্রাপ্তবয়স্কের থেকে আলাদা হতে পারে। যেহেতু টিবি সংক্রামক, তাই আপনার অন্য কারও মধ্যে রোগটিকে চিনতে পারাটা গুরুত্বপূর্ণ।

যদি আপনার, আপনার শিশুর বা আপনার পরিবারের যে কোনও একজন সদস্য বা বন্ধুর মধ্যে নিম্নবর্ণিতগুলোর কোনও একটিও থাকে সেক্ষেত্রে আপনাকে একজন ডাক্তারের সঙ্গে যোগাযোগ করতে হবে:

- একটানা কাশি যা 2 সপ্তাহের চেয়ে বেশি দীর্ঘ সময় ধরে স্থায়ী হয়
- জ্বর
- ঘেমে যাওয়া, বিশেষ করে রাতের বেলা
- অজানা কারণে ওজন কমে যাওয়া
- শিশুর ওজন বাড়ানোয় ব্যর্থতা
- সাধারণ এবং অস্বাভাবিক ক্লান্তির অনুভূতি এবং অসুস্থ বোধ করা
- কাশির সঙ্গে রক্ত উঠে আসা

## টিবি সংক্রমণ কিভাবে ছড়ায়?

আপনি শুধুমাত্র এমন কোনো ব্যক্তি থেকে টিবি সংক্রমণ পেতে পারেন যার ফুসফুস এবং গলা ইতিমধ্যে সংক্রামিত হয়েছে এবং যে সম্প্রতি কাশছে যখন তারা কাশেন তখন খুবই ছোট-ছোট ড্রপলেটের স্প্রে'এর সৃষ্টি হয় যার মধ্যে ব্যাকটেরিয়া থাকে। যদি কেউ শ্বাসের মাধ্যমে এই ড্রপলেটগুলোকে গ্রহণ করেন তাহলে তারাও এই সংক্রমণে আক্রান্ত হতে পারেন। এটিতে সংক্রমিত হওয়ার ঝুঁকিতে থাকার জন্য, একজন সংক্রমিত ব্যক্তির সাথে একটি আবদ্ধ স্থান শেয়ার করতে হয়, উদাহরণস্বরূপ একই বাসায় থাকা।

## টিবি কত সাধারণত দেখা যায়?

1950 এর দশকে ইউকেতে, প্রতি বছর 50,000 এর চেয়ে বেশি নতুন টিবি'র কেস ধরা পড়ত। বর্তমান সময়ে, এই সংখ্যাটি অনেক কমে গেছে এবং এখন প্রত্যেক বছরে শুধুমাত্র 5,000'এর চেয়ে কিছুটা বেশি কেস ধরা পড়ে। সুতরাং আপনার সংক্রামিত হওয়ার সম্ভাবনা খুবই কম থাকা সত্ত্বেও সকলকে টিবি'র উপসর্গগুলোর বিষয়ে সচেতন থাকা উচিত।

এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ কেননা টিবি বিশ্বব্যাপী বিস্তৃত একটি রোগ।

টিবি'র উচ্চ হারের দেশগুলোতে কাজ করেছেন বা থেকেছেন এমন সকল লোকদের মধ্যে এই রোগের উচ্চ ঝুঁকি রয়েছে। এই পরিবারের বাচ্চাদেরও তাদের কমিউনিটিতে সংক্রামিত সদস্যদের নিকট সংস্পর্শে আসার অনেক বেশি সম্ভাবনা রয়েছে হয় তা ইউকেতে হোক বা তাদের মূল দেশে।

## আমার শিশুকে কেন বিসিজি প্রদান করা হচ্ছে?

অন্যান্য অনেক দেশের মত, ইউকেতেও, সেই সকল শিশুদেরকে বিসিজি প্রদান করা হয় যারা সম্ভবত টিবি রোগে আক্রান্ত কোনও ব্যক্তির সংস্পর্শে এসে থাকতে পারে। এতে সেই সকল শিশুরা অন্তর্ভুক্ত রয়েছে যারা এমন একটি অঞ্চলে থাকে যেখানে টিবি'র উচ্চ সংক্রমণের হার রয়েছে অথবা এমন শিশুরা যাদের মা-বাবা বা দাদা/নানা বা দাদি/নানি এমন দেশের যেখানে টিবি'র উচ্চ সংক্রমণের হার রয়েছে (আরও অধিক তথ্যের জন্য পৃষ্ঠা 7 দেখুন)।

## আমার শিশুকে টিকা কিভাবে দেওয়া হবে?

আপনার শিশুকে তার বাম বাহুর উপরের দিকে বিসিজি টিকা দেওয়া হবে।

টিকাটি জন্মের পরপরই দেওয়া হয়, সাধারণত জন্মের 28 দিনের মধ্যে।

## কোনো পার্শ্ব প্রতিক্রিয়া আছে কি?

ইনজেকশন দেওয়ার ঠিক পরে একটি উত্থিত ফোস্কা দেখা যাবে। এটা প্রমাণিত করে যে ইনজেকশনটিকে সঠিকভাবে দেওয়া হয়েছে।

ইনজেকশন দেওয়ার পর দুই থেকে ছয় সপ্তাহের মধ্যে একটি ছোট দাগ দেখা যাবে। কয়েক দিন এই জায়গায় বেশ ব্যথা থাকতে পারে, তবে যদি আপনি এটিকে না ঢেকে রাখেন তাহলে এটি ধীরে ধীরে সেরে যাবে। সেরে যাওয়ার পর এটি একটি ছোট ক্ষত রেখে যেতে পারে। এটা স্বাভাবিক।

মাঝেমধ্যে ইনজেকশন দেওয়ার স্থানে আপনার শিশুর হয়তো একটি অগভীর ঘা হতে পারে। যদি এখান থেকে তরলের ক্ষরণ হয় এবং এটিকে ঢেকে রাখার প্রয়োজন হয় সেক্ষেত্রে একটি শুকনো ড্রেসিং ব্যবহার করুন - কখনই প্লাস্টার ব্যবহার করবেন না - যতক্ষণ পর্যন্ত না ঘা শুকিয়ে স্ক্যাব হয়। এই ঘা সেরে উঠতে বেশ কয়েক মাস সময় লাগতে পারে।

যদি আপনি উদ্বিগ্ন হোন বা আপনি মনে করেন যে ঘায়ের জায়গাটি সংক্রমিত হয়েছে সেক্ষেত্রে আপনার ডাক্তারের সঙ্গে দেখা করুন।



## এমন কি কোনো কারণ রয়েছে যার ভিত্তিতে আমার শিশুর বিসিজি টিকা গ্রহণ করা উচিত নয়?

সকল অন্যান্য টিকার মতন নিম্নবর্ণিত কোনো পরিস্থিতিতে এই ইনজেকশনটি দেওয়া উচিত নয় বা তা মুলতুবি করা উচিত:

- আপনার শিশুর খুব বেশি জ্বর থাকে
- আপনার শিশু ত্বকের সাধারণ সংক্রমণের সমস্যায় ভুগতে থাকে। (যদি একজিমা থেকে থাকে তাহলে ইনজেকশনটি এমন একটি জায়গায় দেওয়া হবে যেখানে ত্বক ক্ষত হয়নি)

বিরলক্ষেত্রে, কম রোগ প্রতিরোধ ক্ষমতা রয়েছে এমন সকল ছেলে মেয়েদের ক্ষেত্রে, যাদের এই টিকায় থাকা ব্যাকটেরিয়ার কারণে মারাত্মক সংক্রমণ হতে পারে।

যদি আপনার ছেলে বা মেয়ের কম রোগ প্রতিরোধ ক্ষমতা থাকে, বা থাকার সন্দেহ করেন সেক্ষেত্রে নার্স বা ডাক্তারকে এই বিষয়ে বলাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ:

- ক্যান্সার বা অন্যান্য মারাত্মক শারীরিক সমস্যার জন্য শিশুটি চিকিৎসাধীন রয়েছে
- গর্ভাবস্থা সময়কালীন বাচ্চাটির মা ইমিউনোসাপ্রেসিভ বায়োলজিক্যাল থেরাপি গ্রহণ করেছিলেন।
- পরিবারের মধ্যে ইমিউন সিস্টেম সম্পর্কিত সমস্যার ইতিহাস রয়েছে (যেমন এইচআইভি, সিভিয়ার কম্বাইন্ড ইমিউনোডেফিসিয়েন্সি এসসিআইডি)
- সেইসব শিশু যাদের এসসিআইডি আছে বা থাকতে পারে



## কোন শিশুদের বিসিজি নেওয়ার প্রয়োজন রয়েছে


আপনি যদি এমন কোনও এলাকায় না থাকেন সেখানে সকল শিশুদের বিসিজি প্রদান করা হয়েছে তা সত্ত্বেও আপনার শিশুর হয়তো বিসিজি টিকার প্রয়োজন হতে পারে।

আপনি যদি নিম্নবর্ণিত কোনো প্রশ্নের উত্তরে '**হ্যাঁ**' বলেন তাহলে আপনাকে আপনার ডাক্তার বা নার্সের সঙ্গে আপনার শিশুকে বিসিজি দেওয়ার কথা জিজ্ঞাসা করা উচিত।

- আপনার শিশু বা শিশুর মা বা বাবা অথবা দাদা/দাদা/দাদি/নানি বা আপনার সঙ্গে থাকেন এমন কেউ কি কোনো এমন দেশ থেকে এসেছেন যেখানে টিবি সংক্রমণের উচ্চ হার রয়েছে?
- আপনি ও আপনার শিশু কি এই দেশগুলোর মধ্যে কোনোটিতে বন্ধুদের বা পরিবারের সঙ্গে থাকবেন বা সাময়িকভাবে থাকতে যাবেন?
- আপনার সঙ্গে থাকেন বা আপনার শিশুর সঙ্গে অনেক সময় কাটান, এমন কারোও কি সম্প্রতি টিবি হয়েছে বা সাম্প্রতিক অতীতে টিবি হয়েছিল?

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) দ্বারা প্রকাশিত সংখ্যার ভিত্তিতে টিবি'র উচ্চ হারের নিম্নবর্ণিত দেশগুলোকে সনাক্ত করা হয়েছে:

**www.gov.uk/government/publications/tuberculosis-tb-by-country-rates-per-100000-people**



## আমার কী আর কিছু জানার প্রয়োজন রয়েছে?

আপনার শিশু কখন তাদের বিসিজি নিয়েছে তা নির্বিশেষে রুটিনমাফিক টিকাগুলো বয়স ৪ সপ্তাহ হওয়া থেকে নেওয়া শুরু করতে পারে। আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার শিশুকে যেই বাহুতে বিসিজি দেওয়া হয়েছে সেখানে যেন 3 মাস পর পর্যন্ত কোনো অন্য ইনজেকশন না দেওয়া হয়; নতুবা সেই জায়গার গ্রন্থিগুলো ফুলে যেতে পারে।




নিশ্চিত করবেন যে ভবিষ্যত রেফারেন্সের জন্য বিসিজি টিকাটিকে যেন আপনার বাচ্চার পার্সোনাল চাইল্ড হেলথ রেকর্ডে (রেড বুক) লিখে রাখা হয়।

## অধিকতর তথ্য

যদি আপনি টিবি বা বিসিজি টিকা বা অন্যান্য কোন টিকার বিষয়ে আরও অধিকতর তথ্য জানতে চান তাহলে আপনার ডাক্তার, হেলথ ভিজিটার, মিডওয়াইফ বা নার্সের সঙ্গে কথা বলুন; অথবা নিম্নবর্ণিত ওয়েবসাইট দেখুন **www.nhs.uk/conditions/vaccinations/bcg-tuberculosis-tb-vaccine/**

**মনে রাখবেন, টিবি থেকে সেরে উঠতে অনেক দীর্ঘ সময় লাগে, এই রোগ প্রতিরোধ করা অনেক বেশি সহজ।**

NHS

© Crown copyright 2021
2021SCTBBE Bengali 75 2p Sept 2021 (APS).
আরও কপির জন্য অর্ডার করতে অনুগ্রহ করে হেলথ পাবলিকেশনগুলো ভিজিট করুন
www.healthpublications.gov.uk
বা কল করুন: 0300 123 1002, 0300 123 1003 নম্বরে (সকাল 8টা থেকে বিকেল 6টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার)

**www.nhs.uk/vaccinations**